গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৭.০১৫.১৬-২২/১(২৭০) তারিখ: ২৩.১০.২০১৬ খ্রিঃ

বিষয়: ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) এর আওতায় **লিফ মনোনয়নের পদ্ধতি** প্রসঙ্গে।

সূত্রঃ এনএটিপি-২ এর পত্র নং-৩৩.০২.০০০০.৯২০.৩৭.০১৫.১৬-২১/১(১৬৩); তারিখ: ১৮.১০.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ পত্রের মাধ্যমে প্রকল্পভূক্ত এলাকার প্রতি ইউনিয়নে ১(এক) জন করে লিফ (LEAF) মনোনয়নের শর্তাবলী প্রেরণ করা হয়েছে। শর্তাবলী পূরণ সাপেক্ষে লিফ মনোনয়নের জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

১. লিফ মনোনয়নের জন্য স্থানীয়ভাবে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।
২. বিজ্ঞপ্তিতে লিফ মনোনয়নের শর্তাবলী ও লিফ-এর দায়িত্ব উল্লেখ থাকতে হবে।
৩. লিফ-এর দায়িত্ব পালনে আগ্রহী ব্যক্তিদের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তিটি উপজেলা মৎস্য অফিস, ইউনিয়ন পরিষদ ভবন, উপজেলা কৃষি/প্রাণিসম্পদ দপ্তর এবং অন্যান্য দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।
৪. আগ্রহ প্রদর্শনের জন্য কমপক্ষে ৭(সাত) দিন সময় দিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

বিজ্ঞপ্তি প্রকাশের পর প্রাপ্ত আগ্রহী ব্যক্তিদের মধ্য থেকে লিফ মনোনয়নের শর্তাবলী অনুসরণপূর্বক নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ সমন্বয়ে গঠিত কমিটির অনুমোদনের মাধ্যমে লিফ মনোনয়ন চূড়ান্ত করতে হবে।

লিফ মনোনয়ন কমিটি

১.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা	আহ্বায়ক
২.	উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি	সদস্য
৩.	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/মনোনীত প্রতিনিধি	সদস্য
৪.	সম্প্রসারণ কর্মকর্ত/সহকারী মৎস্য কর্মকর্তা	সদস্য সচিব

উপরোক্ত নির্দেশনা মোতাবেক লিফ মনোনয়নপূর্বক সূত্রস্থ পত্রে সংযুক্ত ছকে তথ্য প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৩/১০/১৬
(খঃ মাহ্‌বুবুল হক)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ফোন: ০২- ৯৫৬১৬৮৫
ই-মেইল: kmahbubh252@yahoo.com

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৭.০১৫.১৬-২২/১(২৭০)/১(৬৮) তারিখ: ২৩.১০.২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), বিএআরসি চত্ত্বর, ফার্মগেট, ঢাকা।
৩. বিভাগীয় উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, ...বিভাগ ....।
৪. জেলা মৎস্য কর্মকর্তা, ...।
৫. সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (পত্রটি মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সংশ্লিষ্ট নথি।

২৩/১০/১৬
(খঃ মাহ্‌বুবুল হক)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট

বিজ্ঞপ্তির নমুনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

পত্র নং- তারিখ:

স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি (LEAF) মনোনয়নের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)-এর আওতায় --------------- উপজেলাধীন প্রতিটি ইউনিয়নে একজন করে স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি (LEAF) মনোনয়ন করা হবে। লিফ মনোনয়নের শর্তাবলী ও লিফের দায়িত্বাবলী নিম্নরূপঃ

লিফ (LEAF) মনোনয়নের শর্তাবলী ঃ

১. মনোনিত লিফকে (LEAF) সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী অধিবাসী হতে হবে, লিফকে মৎস্যচাষ/পোনা উৎপাদন/মৎস্য খাদ্য ও অন্যান্য উপকরণ ব্যবসায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রগতিশীল চাষি বা মৎস্য বিষয়ক ব্যবসায় সুপরিচিত ব্যক্তিকে লিফ হিসেবে মনোনয়ন করা যেতে পারে।
২. মৎস্যচাষে প্রশিক্ষণপ্রাপ্ত চাষিকে লিফ মনোনয়নে অগ্রাধিকার দিতে হবে।
৩. উৎসাহি মৎস্যচাষি এবং মৎস্য সম্পর্কিত ব্যবসায় নিয়োজিত ব্যক্তিকে লিফ মনোনয়নে অগ্রাধিকার দিতে হবে।
৪. পরিশ্রমী, সক্রিয় এবং নেতৃত্ব দানের গুনাবলী সম্পন্ন ব্যক্তিকে লিফ হিসেবে মনোনয়ন প্রদান করতে হবে।
৫. মনোনিত ব্যক্তিকে সংশ্লিষ্ট সকলের বিশেষ করে স্থানীয় মৎস্যচাষিদের নিকট গ্রহণযোগ্য হতে হবে।
৬. মনোনিত ব্যক্তিকে বাংলায় লেখা ও পড়ায় দক্ষ হতে হবে।
৭. মনোনিত লিফ এর বাই-সাইকেল চালানোর আগ্রহী এবং সক্ষমতা থাকতে হবে।
৮. নারী ও পুরুষ উভয়কেই লিফ হিসেবে মনোনয়ন দেওয়া যেতে পারে।
৯. লিফ মনোনয়নের ক্ষেত্রে ক্ষুদ্র ও প্রান্তিক মৎস্যচাষিকে অগ্রাধিকার দিতে হবে।
১০. মনোনিত লিফ-এর বয়স ৩০-৫০ বৎসরের মধ্যে হতে হবে।
১১. কোন প্রকার ছাত্র/ছাত্রীকে লিফ হিসেবে মনোনয়ন দেওয়া যাবে না।

লিফের দায়িত্ব ঃ

১. মৎস্য সম্পদের উন্নয়নের জন্য স্থায়ীত্বশীল ব্যবস্থাপনার লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কার্যালয় এবং স্থানীয় মৎস্যচাষ সংশ্লিষ্টদের বিশেষ করে সিআইজি সদস্যগণের মাঝে কার্যকর যোগসূত্র স্থাপন করবেন। ইউনিয়ন এক্সটেনশন মাইক্রো প্লান প্রণয়ন, বাস্তবায়ন, তদারকি ও মূল্যায়নে যথাযথ ভূমিকা পালন করবেন।
২. প্রকল্প কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণসমূহে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে ব্যবস্থাপনা ও কারিগরি জ্ঞানে নিজেকে সমৃদ্ধ করবেন এবং সে মোতাবেক মাঠপর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।
৩. প্রকল্প কর্তৃক প্রদত্ত নীতিমালা ও পদ্ধতির আলোকে সিআইজি সদস্যগণের সহযোগিতায় ও সংশ্লিষ্ট মৎস্য দপ্তরের পরামর্শক্রমে ইউনিয়ন এক্সটেনশন মাইক্রো প্লান (মৎস্য) প্রণয়নে উদ্যোগী ও সক্রিয় ভূমিকা পালন করবেন।
৪. লিফগণ ইউনিয়ন পর্যায়ে স্থাপিত FIAC (কৃষকদের জন্য তথ্য ও উপদেশ কেন্দ্র)-এ উপ-সহকারী কৃষি কর্মকর্তা (SAAO), কমিউনিটি এক্সটেনশন এজেন্ট ফর লাইভস্টক (CEAL) এবং অন্যান্যদের সাথে ইউনিয়ন সম্প্রসারণ ফ্যাসিলিটেশন (UEFT) টিমের সদস্য হিসেবে কাজ করবেন।
৫. সিআইজি প্রশিক্ষণ, মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন ও চাষিদের অভিজ্ঞতা বিনিময় সফরসহ মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে উপজেলা মৎস্য দপ্তরকে লিফগণ সহায়তা প্রদান করবেন।
৬. স্থানীয় পর্যায়ে মৎস্যচাষে কারিগরি ও ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যাদি প্রয়োজনে উপজেলা মৎস্য কার্যালয়ের গোচরে আনবেন এবং সম্ভাব্য সমাধানের পন্থা জেনে নিয়ে মাঠ পর্যায়ে পৌঁছে দেবেন।
৭. মৎস্যচাষিদের চাহিদা ও সামর্থ্যের ভিত্তিতে বার্ষিক মৎস্যচাষ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, তথ্য সংগ্রহ রেকর্ড বই-এ লিপিবদ্ধকরণ ইত্যাদিতে প্রত্যক্ষ/পরোক্ষ ভূমিকা পালন করবেন।
৮. প্রতিদিনকার পরামর্শ, উপদেশ ও অন্যান্য কর্মকান্ড রেজিষ্ট্রারে লিপিবদ্ধ করবেন, প্রযোজ্য প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রণয়ন ও যথাস্থানে প্রেরণ করবেন।
৯. সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কার্যালয় কর্তৃক নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন করবেন এবং দায়িত্ব সম্পাদনের জন্য সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট দায়বদ্ধ থাকবেন।
১০. লিফ ভিন্ন ভিন্ন সেক্টরে কর্মরত সম্প্রসারণ কর্মীর সাথে যোগাযোগ রক্ষা করবেন।

লিফ মনোনীত হতে আগ্রহী ব্যক্তিদেরকে আগামী -------------------- তারিখের মধ্যে জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র নিম্নসাক্ষরকারীর দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা

পত্র নং- তারিখ:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. জেলা মৎস্য কর্মকর্তা, ... ।
২. উপজেলা নির্বাহী অফিসার, ... ।
৩. উপজেলা কৃষি কর্মকর্তা, ... ।
৪. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ... ।
৫. চেয়ারম্যান,............................. ইউনিয়ন পরিষদ (সকল)।

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা